# কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম

স্মারক নং-৪৬.০৩.৪৯৫২.১১১.৪৮.০৪৮.২৬-১১১৭ তারিখঃ ৩০/০৭/২০২৬

**টোল আদায় ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকল ব্যবসায়ী ও প্রতিষ্ঠান সমূহের এবং ইজারা গ্রহনকারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,অত্র পৌর এলাকার অভ্যন্তরে আমদানী/রপ্তানীকৃত (বালু,বাঁশ-খঁড়ি ও গরু-মহিষ বোঝাই যানবাহন ব্যতিত) পন্যের টোল আদায়ের লক্ষ্যে ০১ সেপ্টেম্বর ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৭ জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এক সনা মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহনে ইচ্ছুক ব্যাক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সুচী অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং ০৬ নং কলামে বর্ণিত অফিস সমূহে প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে দরপত্র বিক্রয় করা হবে। দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র দাখিলের দিন বিকাল-৩.০০ ঘটিকায় (দরদাতাদের কেহ উপস্থিত থাকেন বা না থাকেন) দরপত্রের বাক্স খোলা হবে।

| ইজারা মহলের নাম | সরকারি মূল্য | দরপত্রের মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান ও সময় | দরপত্র দাখিল ও খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আমদানী/রপ্তানীকৃত পণ্যের টোল আদায় ইজারা | ১৫,৫০,০০০/- (পনের লাখ পঞ্চাশ হাজার) টাকা | ৪০০০/- (চার হাজার) টাকা | ১ম বার ১৬/০৮/২৬<br>২য় বার ২৫/০৮/২৬<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ১৭/০৮/২০২৬<br>২য় বার ২৬/০৮/২৬<br>দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত। | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম।<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত। | কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম।<br>খোলার সময় ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকা। |

**শর্তাবলী**

১। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহনযোগ্য হবে না। খামের উপর দরদাতার নাম ঠিকানা ও ইজারার বিষয় উল্লেখ করতে হবে।
২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন স্থানীয় তফসিলি ব্যাংক হতে ০৩ নং কলামে উল্লেখিত মূল্যে "প্রশাসক", কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার/বিডি করে দরপত্র ক্রয় করতে হবে।
৩। দরপত্রের সহিত দাখিলকৃত দরের উপর ১০০% ইজারা মূল্য,১৫% ভ্যাট ও ১০% আয়কর পে-অর্ডার/বিডি- এর মাধ্যমে পৃথক পৃথক ভাবে সংযুক্ত করতে হবে।
৪। পৌর কর্তৃপক্ষের অনুমোদিত রেটের বাইরে অতিরিক্ত ফি/টোল আদায় করা যাবে না এবং বিনা রশিদে টোল/ফি আদায় করা যাবে না।
৫। কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ইজারদারকে নিজ খরচে ৬০০/-(ছয়শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদান করতে হবে।
৬। ইজারা মহাল কোন ক্রমেই অন্যের নিকট সাব লিজ প্রদান করা যাবে না। চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করিলে ইজারা বাতিল বলে গন্য হবে।
৭। পৌরসভার প্রবেশ পথ থেকে এই টোল আদায় করতে হবে। কোন ক্রমেই হাট-বাজারের অভ্যন্তরে এসে এই টোল আদায় করা যাবে না।
৮। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দর গ্রহন করা হবে। দুই বা ততোধিক দরপত্রের দর সবোর্চ্চ একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।
৯। কাঙ্খিত দর পাওয়া না গেলে দাখিলকৃত সর্বোচ্চ দর রেখে পূনরায় দরপত্র আহবান করা হবে।
১০। টোল আদায়কারীগণকে নির্দিষ্ট পোশাক পরিধান করতে ও পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। ভীতি প্রদর্শনের জন্য লাঠি ব্যবহার করা যাবে না।
১১। দরপত্রের সহিত হাল সনের ট্রেড লাইসেন্স এর ছায়ালিপি প্রদান করতে হবে।
১২। শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে আমদানী/রপ্তানীকৃত পন্যের টোল আদায় করা যাবে।
১৩। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল সহ বিজ্ঞপ্তি বাতিলের অথবা নতুন কোন শর্ত সংযোজনের ক্ষমতা রাখেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।

স্মারক নং-৪৬.০৩.৪৯৫২.১১১.৪৮.০৪৮.২৬-১১১৭ তারিখঃ ৩০/০৭/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৭। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৮। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৯। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
১০। সভাপতি/সম্পাদক, জেলা মটর মালিক সমিতি, জেলা মটর শ্রমিক ইউনিয়ন, ট্রাক-ট্রাক্টর মালিক সমিতি, ট্রাক কাভার্ডভ্যান ও ট্রাক্টর শ্রমিক ইউনিয়ন কুড়িগ্রাম
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।